# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭১ তারিখঃ ১২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৯৭ তম কমিশন সভা অদ্য ২৮/১০/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, BRAC Bank Limited এর ৬০০ কোটি টাকার Non-convertible, Fixed Coupon Senior Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। ০৫ বছর মেয়াদী বন্ডটির বৈশিষ্ট্য হচ্ছে Coupon-bearing, Non-convertible, Fully redeemable, Unsecured, Fixed Coupon, Senior Bond। বন্ডটির একটি অংশ (৪২৫ কোটি টাকা) আন্তর্জাতিক বিনিয়োগকারীদের মাঝে এবং অপর একটি অংশ (১৭৫ কোটি টাকা) ব্যাংক, কর্পোরেটস, ইনস্যুরেন্স কোম্পানি, অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান, সম্পদ ব্যবস্থাপক ফার্ম, মিউচুয়াল ফান্ড, মার্চেন্ট ব্যাংক, অনিবাসী বাংলাদেশীসহ উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট অফারের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে BRAC Bank Limited দেশের মধ্যম ও নিম্ন আয়ের লোকদের গৃহনির্মান ঋণ প্রদান করবে। বন্ডটির Trustee হিসাবে IDLC Investments Limited এবং Mandated Lead Arranger হিসেবে BRAC Bank Limited নিজেই কাজ করছে।

০২. কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Mamun Agro Products Limited (মামুন এগ্রো প্রোডাকটস্ লিমিটেড) এর ১০.০০ (দশ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ১,০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO এর মাধ্যমে ১০.০০ (দশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি বিল্ডিং ও সিভিল নির্মাণ, চলতি মূলধন ও ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১ শে মার্চ ২০২১ (নয় মাস) সময়কালের আর্থিক বিবরনী অনুযায়ী শেয়ার প্রতি আয় ০.৯৮ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১৫.২৫ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে BMSL Investment Limited এবং Uttara Finance Capital Management Limited। অদ্যকার কমিশন সভায় আরোও সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত সিকিউরিটিজে যে সকল Individual Investor (Resident and Non-resident) এর বাজার মূল্যে বিনিয়োগের পরিমান ১.০০ (এক) কোটি টাকা বা তদুর্ধ্ব সে সকল Individual Investors, Qualified Investors হিসাবে বিবেচিত হবে। উলেখ্য, এটি কোন পাবলিক অফার নয়, বাংলাদেশে SME Platform এ তালিকাভুক্তির জন্য কমিশন কতৃক অনুমোদিত Qualified Investor Offer (QIO).

28-10-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd